



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা ভবন, কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩২

তারিখঃ ০৫-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৪তম গ্রেডভুক্ত "সীট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর" পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	১	শরিফ আহমেদ পিতা-রিটন মিয়া মাতা-রেখা আক্তার	১২০০০৩৬০	গ্রামঃ পাড়া বানাইল ডাকঘরঃ বানাইল-২৩১৬ থানাঃ তাড়াইল, জেলা- কিশোরগঞ্জ।	তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তর, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২	২	মোঃ আল মামুন পিতা-মোঃ মোহাম্মদ হোসেন মাতা-ফিরোজা আক্তার	১২০০০৩৪০	গ্রামঃ গইছখালী ডাকঘরঃ সিংরইল-২২৯০ থানাঃ নান্দাইল, জেলা- ময়মনসিংহ।	তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তর, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

শর্তাবলী:

- প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাঁকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;
- চাকুরিতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;
- চাকুরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষণীয় যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৬২

তারিখঃ ০২-০২-২০২৫ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিভিল সার্জন, কিশোরগঞ্জ/ময়মনসিংহ/ঢাকা জেলা।
৪. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৬. জনাব শরিফ আহমেদ, পিতা-রিতন মিয়া, মাতা-রেখা আক্তার, গ্রামঃ পাড়া বানাইল, ডাকঘরঃ বানাইল-২৩১৬, থানাঃ তাড়াইল, জেলা-কিশোরগঞ্জ।
৭. জনাব মোঃ আল মামুন, পিতা-মোঃ মোহাম্মদ হোসেন, মাতা-ফিরোজা আক্তার, গ্রাম-গইছখালী, ডাকঘর-সিংরইল-২২৯০, থানা-নান্দাইল, জেলা-ময়মনসিংহ।
৮. অফিস/ব্যক্তিগত নথি।

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd